

ইকফাই-এ মাতৃভাষা
দিবস উদ্‌যাপিত

কামালঘাট, ফেব্রুয়ারী ২১ঃ

ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার কামালঘাটস্থিত ক্যাম্পাসে বুধবার যথাযোগ্য মর্যাদায় আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উদ্‌যাপিত হয়। সকল ভাষার প্রতি শ্রদ্ধাভোধ প্রদর্শনই মাতৃভাষাকে ভালবাসার মূল উপায়----এই আহ্বান রেখে প্রচুর সংখ্যক পড়ুয়ার উপস্থিতিতে পালিত হয় মাতৃভাষা দিবস।

অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ডঃ আভুলা রঙ্গনাথ জানান, ২০০০ সালের আদমসুমারিতে ভারতের জনগণ মোট ১৬৫২টি ভাষায় কথা বলতেন। ২০১০ সালের জনগননায় সেই সংখ্যা ৭৮০ তে নেমে দাড়িয়েছে। এবিষয়ে উদ্বেগ প্রকাশ করে তিনি জানান, আমরা সবাই শুধু ইংরেজী এবং হিন্দী ভাষায় কথা বললে অচিরেই মাতৃভাষা ভুলে যাব।

অনুষ্ঠানে শারীরশিক্ষা বিভাগের প্রধান অধ্যাপক অসীম কুমার বোসও বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের মাতৃভাষা চর্চায় আরো বেশী যতনবান হওয়ার আহ্বান জানান। পড়ুয়াদের পক্ষে দিব্যজ্যোতি সিনহা এবং খতং দেববর্মা বিশেষ উপস্থাপনার মাধ্যমে অহমীয়া এবং ককবরক ভাষার ইতিহাস, বিবর্তন ও বর্তমান ব্যবহারিক বিভিন্ন দিক তুলে ধরেন।